



## পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

### ব্যক্তি ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ১২ আগস্ট ২০১৮

সময়: বেলা ১১.৩০ ঘটিকা


সভার স্থান: সভাকক্ষ ( কক্ষ নম্বর-৫৫১), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয় বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। উদ্ভাবনী সংশ্লিষ্ট সকল অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১.	বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও প্রেরণ	বিগত মাসে ২০১৮-১৯ সালের বার্ষিক কর্মপরিকল্পনা প্রেরণ করা হয়েছে বলে সভায় নিশ্চিত করা হয়।
২.	ইনোভেশন বিষয়ক অগ্রগতি আলোচনা।	গৃহীত উদ্ভাবনী ধারণা সমূহের মধ্যে প্রতিবন্ধী বান্ধব ড্রামামাণ প্রশিক্ষণের আওতায় প্রতিবন্ধীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে, যা স্থানীয় পর্যায়ের প্রতিবন্ধীদের উপর উৎসাহব্যঞ্জক প্রভাব ফেলেছে বলে সভায় অবহিত করা হয়। এছাড়া নতুন অর্ধবছরে গৃহীত উদ্যোগ 'স্মার্ট ফান্ড ট্রান্সফার' বাস্তবায়নের লক্ষ্যে পিকেএসএফ হতে সহযোগী সংস্থার অনুকূলে BEFTN-এর মাধ্যমে সফলভাবে তহবিল স্থানান্তর করা হচ্ছে বলে সভায় জানান হয়। অন্যান্য উদ্ভাবনী ধারণাসমূহের পাইলটিং-এর অগ্রগতি আশানুরূপ ভাবে হচ্ছে বলেও সভায় অবহিত করা হয়।
৩.	নতুন ধারণা ও তালিকা প্রণয়ন বিষয়ক আলোচনা।	উদ্ভাবনী নতুন ধারণার তালিকা সম্পন্ন হয়েছে ও যাচাই-বাছায়ের প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।
৪.	সচিবালয়ে উদ্ভাবিত প্রকল্পের উপরে অনুষ্ঠিত উদ্ভাবনী "Power Point Presentation", প্রসঙ্গে আলোচনা।	১২ আগস্ট, ২০১৮খ্রি. তারিখে সচিবালয়ে উদ্ভাবিত প্রকল্পের উপরে অনুষ্ঠিত উদ্ভাবনী "Power Point Presentation", প্রসঙ্গে ফাউন্ডেশন থেকে উক্ত উপস্থাপনায় অংশগ্রহণ বিষয়ে প্রস্তুতি ও অংশগ্রহণকারীগণের নাম নিশ্চিত করা হয়।
৫.	মাসিক ভিত্তিতে মেন্টর-মেন্টর আলোচনা।	মাসিক ভিত্তিতে মেন্টর-মেন্টর আলোচনা ও প্রস্তুতি ধারণাসমূহের বাস্তবায়ন নিশ্চিত করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্বন করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(ড. এ.কে.এম.নুরুজ্জামান)  
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)

ও  
ইনোভেশন অফিসার